## মুনাজ ইঞ্জিনিয়ার হতে ইচ্ছুক

(স্টাফ রিপোর্টার)


মুনাজ আহমেদ নূর এবার কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধাতালিকার শীর্ষস্থান দখল করেছে। ফৌজদারহাট ক্যাডেট কলেজের ছাত্র মুনাজ বিজ্ঞানে চার বিষয়ে লেটার সহ ৯৩১ নম্বর পেয়েছে।

নিরংস শ্রম, নিয়মিত পড়াশুনা এবং পারিবারিক ঐতিহ্যই মুনাজকে এই উজ্জ্বল সাফল্য এনে দিয়েছে। মুনাজ জানান: পারিবারিক ঐতিহ্যকে ধরে রাখতে ক্লাশে বরাবরই প্রথম পাঁচজনের মধ্যে থাকার জন্যে তার সব সময় চেষ্টা ছিল এবং সফলও হয়েছেন।

কৃতি ছাত্র মুনাজ আরও জানান ভাল ফল করতে তাকে কলেজে নিয়মিত চার ঘন্টা এবং ছুটিতে বাসায় এলে নিয়মিত ৮/৯ ঘন্টা পড়তে হয়েছে। পড়াশুনার ফাঁকে মুনাজ ফুটবল, হকি, ক্রিকেট বাস্কেট বল ইত্যাদি খেলাধুলায় ব্যস্ত থেকেছেন। খেলোয়াড় হিসাবে কলেজ টিমেও তার নাম রয়েছে।

ভবিষ্যতে মুনাজ একজন সিভিল ইঞ্জিনীয়ার হওয়ার ইচ্ছার কথা জানিয়েছেন। তার সখ স্ট্যাম্প, সংগ্রহ করা। ফুটবলে আবাহনীর সমর্থক মুনাজের প্রিয় ক্রিকেট দল পাকিস্তান এবং প্রিয় ঔপন্যাসিক শংকর ও হুমায়ূন আহমেদ।

মুনাজ গ্রুপ ক্যাপ্টেন এ কে এম মহসীন ও নূরজাহান মহসীনের দ্বিতীয় পুত্র।



অলক সূত্রধর

## বই পড়া ও টেনিস খেলা অলকের শখ

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় অলক সূত্রধর ষষ্ঠ স্থান লাভ করেছে। ঢাকা কলেজের কৃতী ছাত্র অলক চার বিষয়ে লেটারসহ ৯০৭ নম্বর পেয়েছে।

অলক ভাল রেজাল্টের জন্যে নিয়মিত পড়াশুনা করেছে। তার আলাদা কোন টিউটর ছিল না। ... মাস ... সে প্রাইভেট টিউটরের কাছে পড়েছে।

কৃতী ছাত্র অলক জানায়: সে কম্পিউটার ইঞ্জিনীয়ারিং বিষয়ে পড়াশুনা করতে আগ্রহী। তার শখ বইপড়া ও লন টেনিস খেলা।



শামসুল আবেদীন

## সামছুলের আগ্রহ ফুটবল ও ক্রিকেটে

(স্টাফ রিপোর্টার)

রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৯০০ নম্বর পেয়ে পঞ্চম স্থান অধিকার করেছেন রাজশাহী

নিয়মিত পাঁচ থেকে ছয় ঘন্টা করে পড়াশুনা করেছেন। তার বাবা জহুরুল হক কুষ্টিয়া ... ক্যাল স্কুলের অধ্যক্ষ।



গুলশান সাদিয়া

## নিয়মিত পড়াশুনাই সাদিয়ার সাফল্য এনেছে

(স্টাফ রিপোর্টার)

গুলশান আরা সাদিয়া এবার ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি বিভাগে প্রথম স্থান লাভ করেছে।

নিয়মিত পড়াশুনাই তার এই সফলতা এনে দিয়েছে বলে সাদিয়া জানায়। তার বাবা মরহুম মানসুর আল ফারুকী রেডিও বাংলাদেশ-এর সহকারী আঞ্চলিক পরিচালক ছিলেন। তার মা সুলেখা ফারুকী একটি প্রাইভেট ফার্মে চাকরি করেন।



এহসানুল করিম

## কঠোর শ্রমেই নাজিম সফল হয়েছে

(স্টাফ রিপোর্টার)

এহসানুল করিম নাজিম এবার ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকার সপ্তম স্থান দখল করেছেন ঢাকা কলেজের ছাত্র নাজিম চার বিষয়ে লেটারসহ ৯০৬ নম্বর পেয়েছেন।

কঠোর শ্রম আর অধ্যবসায়ই নাজিমকে এ সাফল্য এনে দিয়েছে। পড়ার ফাঁকে কৃতি ছাত্র নাজিম অবসর কাটিয়েছেন গান শোনে ও খেলা দেখে। তার শখ বই পড়া।

এহসানুল করিম নাজিম কম্পিউটার বিষয়ে পড়াশুনা করে ভবিষ্যতে একজন কম্পিউটার ইঞ্জিনীয়ার হওয়ার আশা প্রকাশ করেছেন। নাজিম তার বাবা-মা প্রফেসর আনোয়ারুল করিম ও মিসেস ফরিদা আনোয়ারের জ্যেষ্ঠ পুত্র।

---

ক্যাডেট কলেজের ছাত্র মোঃ সামছুল আবেদীন ওরফে শ্যামল। শ্যামল এসএসসিতেও ৬ষ্ঠ স্থান লাভ করেছিলেন।

তার বাবা জয়নাল আবেদীন ভূইয়া বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের রিজিওন্যাল ম্যানেজার। মা একজন শিক্ষিকা। শ্যামলের ছোট ভাই কামরুল আবেদীন গত এসএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ড থেকে চতুর্থ স্থান অধিকার করেন।

শ্যামল ভবিষ্যতে প্রকৌশলী হতে চান।

শ্যামল প্রতিদিন গড়ে ৭/৮ ঘন্টা পড়াশোনা করেছেন। পড়াশোনায় উৎসাহ দিয়েছেন বাবা, মা ও শিক্ষকমন্ডলী। লেখাপড়ার বাইরে ওর পছন্দ ফুটবল ও ক্রিকেট খেলা।